# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-জাবি/রেজি/টিচিং/২০২৫-২০২৬/০৪/৭৩৩০ তারিখ ঃ ৩০-০৩-২০২৬

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নেবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| বিভাগ/ইনস্টিটিউট | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| ১। বাংলা বিভাগ | সহযোগী অধ্যাপক (স্থায়ী) | ১টি |
| ২। ইংরেজি বিভাগ | সহকারী অধ্যাপক (স্থায়ী) | ১টি |
| ৩। অর্থনীতি বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ৩টি |
| ৪। চারুকলা বিভাগ | প্রভাষক (স্থায়ী) (পেইন্টিং ডিসিপ্লিন-১টি) (ক্রাফট এন্ড ফ্যাশন ডিজাইন ডিসিপ্লিন-১টি) | ২টি |
| ৫। পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ১টি |
| | প্রভাষক (অস্থায়ী) | ২টি |
| ৬। বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ১টি |
| | প্রভাষক (অস্থায়ী) | ২টি |
| ৭। পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ১টি |
| ৮। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ১টি |
| | প্রভাষক (অস্থায়ী) | ২টি |
| ৯। ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) | প্রভাষক (স্থায়ী) | ২টি |

**জাতীয় বেতন স্কেলে বেতনক্রম ঃ সহযোগী অধ্যাপক ঃ ৫০,০০০-৭১,২০০/-, সহকারী অধ্যাপক ঃ ৩৫,৫০০-৬৭,০১০/-, প্রভাষক ঃ ২২,০০০-৫৩,০৬০/-**

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ**

**সহযোগী অধ্যাপক : বাংলা বিভাগ**

প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ন্যূনতম ৪.২৫ (৫.০০ স্কেলে), বাণিজ্য ও মানবিক শাখার ক্ষেত্রে জিপিএ ন্যূনতম ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। বাংলা বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং প্রার্থীকে অবশ্যই পিএইচডিধারী হতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪(চার) বছরের অভিজ্ঞতাসহ মোট ৭(সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীর ন্যূনতম ১০(দশ)টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৫(পাঁচ)টি প্রকাশনায় First Author হিসেবে থাকতে হবে।

**সহকারী অধ্যাপক : ইংরেজি বিভাগ**

প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ন্যূনতম ৪.২৫ (৫.০০ স্কেলে), বাণিজ্য ও মানবিক শাখার ক্ষেত্রে জিপিএ ন্যূনতম ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং প্রার্থীকে অবশ্যই পিএইচডিধারী হতে হবে। শিক্ষকতা/গবেষণা কর্মে ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীর ন্যূনতম ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ২(দুই)টি প্রকাশনায় First Author হিসেবে থাকতে হবে।

**প্রভাষক : অর্থনীতি বিভাগ, চারুকলা বিভাগ**

প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ন্যূনতম ৪.২৫ (৫.০০ স্কেলে), বাণিজ্য ও মানবিক শাখায় জিপিএ ন্যূনতম ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের অর্থনীতি/চারুকলা বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। প্রকাশনা থাকলে জার্নালের নাম উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। চারুকলা বিষয়ে শুধুমাত্র পেইন্টিং, ক্রাফট ও ফ্যাশন ডিজাইন বিষয়ের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

**প্রভাষক : পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স বিভাগ, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)**

প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ন্যূনতম ৪.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স/বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং/পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। প্রকাশনা থাকলে জার্নালের নাম উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

**ক) প্রার্থীদের স্নাতকোত্তর পরীক্ষার ফল প্রকাশিত না হলে প্রভাষক পদে আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।**

**খ) চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

**গ) শিক্ষক নিয়োগের জন্য ২০২৫ সালের শিক্ষক নিয়োগ নীতিমালা ০৪-১২-২০২৫ তারিখে অনুমোদিত হয়েছে বিধায় অর্থনীতি বিভাগে স্থায়ী প্রভাষক পদে নিয়োগের জন্য গত ২১-০৪-২০২৪ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে এবং চারুকলা বিভাগে স্থায়ী প্রভাষক (কারুশিল্প) পদে নিয়োগের জন্য গত ২৮-০৮-২০২৩ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইতিপূর্বে যাঁরা আবেদন করেছিলেন তাঁদেরকে পুনরায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো। তবে তাঁদের ৬০০/-(ছয়শত) টাকার আবেদন ফি জমা দিতে হবে না।**

**ঘ) বাংলা বিভাগে স্থায়ী সহযোগী অধ্যাপক ও ইংরেজি বিভাগে স্থায়ী সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য গত ২২-১২-২০২৫ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইতিপূর্বে যাঁরা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

**ঙ) ০৪-১২-২০২৫ তারিখে অনুমোদিত শিক্ষক নিয়োগ নীতিমালা অনুযায়ী বিজ্ঞাপিত পদসমূহে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে (নীতিমালাটি** www.juniv.edu-এ দেখা যেতে পারে)। **তবে ইতিপূর্বে যাঁরা অস্থায়ী পদে যোগদান করেছেন তাঁদের ২০১৬ সালের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।**

আবেদন প্রক্রিয়াঃ

প্রার্থীকে jobs.juniv.edu ওয়েবসাইটে অনলাইনে ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে প্রভাষক ও সহকারী অধ্যাপক পদে ১৫-০৪-২০২৬ তারিখ রাত ১১:৫৯ ঘটিকার মধ্যে এবং সহযোগী অধ্যাপক পদে ২১-০৪-২০২৬ তারিখ রাত ১১:৫৯ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে। আবেদন ফি ৬০০/- (ছয়শত) টাকা এবং আবেদন ফি'র সাথে ১.২০% সার্ভিস চার্জ আবেদনকারীকে প্রদান করতে হবে। অনলাইনে আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী তাঁর পূরণকৃত আবেদন ফরম এবং পেমেন্ট রশিদ ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত আবেদন ফরমটি প্রিন্ট করে পেমেন্ট রশিদসহ প্রভাষক ও সহকারী অধ্যাপক পদের জন্য ০৭ (সাত) সেট এবং সহযোগী অধ্যাপক পদের জন্য ১০(দশ) সেট আবেদনপত্র রেজিস্ট্রার অফিসে যথাক্রমে আগামী ১৬-০৪-২০২৬ তারিখ ও ২২-০৪-২০২৬ তারিখ অফিস চলাকালীন সকাল ৮:৩০ টা থেকে বিকাল ৪:৩০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের প্রতি কপির সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

sign in/sign up প্রক্রিয়ার বিস্তারিত তথ্য জানতে QR কোড স্ক্যান করুন

স্বাক্ষরিত/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)